শরত-আলোর কমলবনে
বাহির হয়ে বিহার করে   যে ছিল মোর মনে মনে ॥
তারি সোনার কাঁকন বাজে   আজি প্রভাতকিরণ-মাঝে,
হাওয়ায় কাঁপে আঁচলখানি— ছড়ায় ছায়া ক্ষণে ক্ষণে ॥
আকুল কেশের পরিমলে
শিউলিবনের উদাস বায়ু পড়ে থাকে তরুতলে ।
হৃদয়মাঝে হৃদয় দুলায়,   বাহিরে সে ভুবন ভুলায়—
আজি সে তার চোখের চাওয়া   ছড়িয়ে দিল নীল গগনে ॥

---

Parjaay: Prakriti / Sharat, Taal: Rupakra, Raag: Kalingara
Visit www.geetabitan.com for notation and other detail